



পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) কর্তৃক বাস্তবায়িত PKSF এর অর্থায়নে Pathways to Prosperity for Extremely Poor People (PPEPP) প্রকল্পের আওতায় কিশোরগঞ্জ জেলার ইটনা উপজেলায় প্রত্যন্ত গ্রামে/ইউনিয়নে কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নিম্নলিখিত পদসমূহের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। এটি একটি পাইলট প্রকল্প হিসাবে ৭ মাসের জন্য শুরু হবে, তবে পরবর্তীতে আরো ৫ বছরের জন্য মেয়াদ বৃদ্ধির সম্ভাবনা রয়েছে।

### পদের নাম : কমিউনিটি নিউট্রিশন এন্ড হেলথ প্রমোটার

শিক্ষাগত যোগ্যতা : ন্যূনতম এস.এস.সি পাশ।

বেতন : ৪,০০০/- টাকা। এছাড়াও প্রকল্প নির্ধারিত অন্যান্য সুযোগ সুবিধা।

কর্মস্থল : কিশোরগঞ্জ জেলার ইটনা উপজেলা।

অভিজ্ঞতা : পুষ্টি বিষয়ক কমিউনিটি পর্যায়ে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স : ১৮-৩৫ বছর। যোগ্যতর প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

### দায়িত্ব ও কর্তব্যঃ

- কমিউনিটি নিউট্রিশন এন্ড হেলথ প্রমোটার প্রকল্পের মাঠ পর্যায়ের প্রথম সারির পুষ্টি ও স্বাস্থ্য কার্যক্রম বাস্তবায়নের মূল কর্মী হিসাবে কাজ করবেন।
- কর্মএলাকার ০-৫৯ মাস বয়সের শিশু, কিশোর কিশোরী, নব-দম্পতি, গর্ভবতী ও প্রসূতি মায়ের তালিকা তৈরি ও হালনাগাদ রাখা।
- কমিউনিটি ক্লিনিক ও পরিবার কল্যান কেন্দ্রের সাথে সমন্বয় সাধনের মাধ্যমে প্রত্যক্ষ ও পরোক্ষ পুষ্টি কার্যক্রম যেমন-ডিরেক্ট নিউট্রিশন ইন্টারভেনশন বাস্তবায়ন/শক্তিশালীকরণ যেমন-শিশুর খাবার ও পুষ্টি, স্বাস্থ্যবিধি, সম্পূর্ণক অনুপুষ্টি, ক্রিমিনাশক পুষ্টিসমৃদ্ধ খাবার গ্রহণ, তীব্র অপুষ্টি ব্যবস্থাপনা বাস্তবায়নে কাজ করবেন।
- প্রকল্পের লাইভলিহুড কার্যক্রম এর সাথে সমন্বয় এর মাধ্যমে অতিদরিদ্র খানায় পুষ্টি বাগান, প্রানীজ ও মৎস সম্পদের পারিবারিক খামার প্রতিষ্ঠা করা এবং পরিবারের পুষ্টি সরবরাহে যথাযথ ব্যবহার এর মাধ্যমে পরিবারের খাবারের বৈচিত্রতা নিশ্চিত পূর্বক পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করা।
- জাতীয় পুষ্টি সেবা কার্যক্রমের সাথে সমন্বয় রেখে প্রকল্প অতিদরিদ্র খানার প্রত্যক্ষ ও পরোক্ষ পুষ্টি কার্যক্রম বিশেষ করে শিশু, কিশোর-কিশোরী, গর্ভবতী ও প্রসূতি মা এর পুষ্টি ও খাদ্য সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন করা।
- কর্মপরিকল্পনা অনুযায়ী গ্রাম ভিত্তিক পুষ্টি বিষয়ক মাসিক অগ্রগতির প্রতিবেদন তৈরি করে নিউট্রিশন কাউন্সিলর কে সহায়তা করা।

### অন্যান্য শর্তাবলীঃ

- সাধারণ জনগনের সাথে মিশে নির্ধারিত কর্মএলাকায় পায়ে হেঁটে কাজ করার মানসিকতা থাকতে হবে।
- শুধুমাত্র নারী প্রার্থীরা আবেদন করতে পারবেন।
- কর্মএলাকার প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্রসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি রসিদ ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, পেশা, পদবী, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইলনম্বরসহ আবেদনপত্র আগামী ২৭/০৮/২০১৯ইং তারিখের মধ্যে উপ-পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য নয়। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে।

web: [www.popibd.org](http://www.popibd.org)

“নারী-শিশু নির্যাতন ও ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দমনীয় অপরাধ”